

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ অধিশাখা
www.mofl.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১৮.২৪.৫৩০.১৮.২২৬

তারিখ: ২৫ চৈত্র ১৪২৬

০৮ এপ্রিল ২০২০

বিষয়: দেশে করোনা ভাইরাস প্রাদুর্ভাব জনিত পরিস্থিতিতে বিভিন্ন বয়সী হাঁস-মুরগি, গবাদিপশু, মাছের পোনা, মাছ, মাংস, দুধ, ডিম, প্রাণিজাতপণ্য, পোল্ট্রি, পশু ও মৎস্য খাদ্য, কৃত্রিম প্রজননসহ প্রাণি চিকিৎসা কাজে ব্যবহৃত ঔষধ/সরঞ্জামাদি উৎপাদন, পরিবহন এবং বিপণনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশে করোনা ভাইরাস প্রাদুর্ভাব জনিত পরিস্থিতিতে পুষ্টি চাহিদা পূরণ ও রোগপ্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে ভোক্তা পর্যায়ে প্রাণিজ আমিষ সরবরাহ সচল রাখা জরুরী। বিভিন্ন গবেষণালব্ধ তথ্য হতে জানা যায় যে, করোনা প্রতিরোধে শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রাণিজ বিভিন্ন উপজাত, যেমন মাছ, মাংস, দুধ ও ডিম দেহের রোগ প্রতিরোধ ব্যবস্থাকে শক্তিশালী করে।

২.০। এমতাবস্থায়, ২৫ মার্চ, ২০২০ তারিখের ৩৩. ০১. ০০০০. ১১৮. ২৪. ৫৩০. ১৮-২২১ সংখ্যক স্মারকের অনুবৃত্তিক্রমে দেশব্যাপী করোনা ভাইরাস প্রাদুর্ভাব জনিত পরিস্থিতিতে বিভিন্ন বয়সী হাঁস-মুরগি, গবাদিপশু, মাছের পোনা, মাছ, মাংস, দুধ, ডিম, প্রাণিজাতপণ্য, পোল্ট্রি, পশু ও মৎস্য খাদ্য, কৃত্রিম প্রজননসহ প্রাণি চিকিৎসা কাজে ব্যবহৃত ঔষধ/সরঞ্জামাদি নিরবচ্ছিন্ন উৎপাদন, পরিবহন এবং বিপণন অব্যাহত রাখতে সর্বাঙ্গিক সহযোগিতার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮-৪-২০২০

ড.অমিতাভ চক্রবর্তী

উপসচিব

জেলা প্রশাসক (সকল)

ইমেইল: livestock-2@mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১৮.২৪.৫৩০.১৮.২২৬/১(২১)


তারিখ: ২৫ চৈত্র ১৪২৬

০৮ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ

- ৪) অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৫) অতিরিক্ত সচিব, মৎস্য অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৬) বিভাগীয় কমিশনার (সকল)
৭) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর
৮) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১০) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১১) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১২) সভাপতি, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ কেন্দ্রীয় কাউন্সিল, ঢাকা।
১৩) প্রেসিডেন্ট, বাংলাদেশ ডেইরি ফার্মারস এসোসিয়েশন, ৭ নং লোহার গেট, নাবিননগর হাউজিং, বেড়িবাঁধ, মোহাম্মদপুর, ঢাকা
১৪) প্রেসিডেন্ট, বাংলাদেশ একুয়া প্রোডাক্ট কোম্পানীজ এসোসিয়েশন (বাপক), ছায়ানীড়, ৫২/২, নিউ ইস্কাটন রোড (৪র্থ তলা), ঢাকা-১০০০।



৮-৪-২০২০

ড. অমিতাভ চক্রবর্তী

উপসচিব